যুগান্তর

APR 1 1 2002

# ইভিনিং শিফট মহতী উদ্যোগ, যদি ...

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইভিনিং শিফট চালুর বিষয়টি শিক্ষানুরাগী মাত্রই সমর্থন করার কথা। উচ্চশিক্ষা ক্ষেত্রে আসন সংকটের এ সময়ে নতুন শিফটে আরও কিছু ভর্তির আসন সৃষ্টি হবে; যা এই বিদ্যাপীঠে শিক্ষা অর্জনের নবতর সুযোগ এনে দেবে। এদিক থেকে ইভিনিং শিফট চালু একটি মহতী উদ্যোগ। কিন্তু বর্তমানে বিশ্ববিদ্যালয়ের যে শোচনীয় অবস্থা– কি ডায়নিংয়ে, কি পরিবহন ব্যবস্থায়, কি স্থান সংকুলানের ক্ষেত্রে অবনতি ঘটবে না? সরকারের প্রচেষ্টা ও আন্তরিকতায় যদি এসব সমস্যার সমাধান হয়ে যায় তাহলে তো কথাই নেই। কিন্তু কথা থেকে যায় তারপরও। ইভিনিং শিফটের ছাত্রবেতন ধরা হয়েছে প্রতি মাসে তিন হাজার পাঁচশ টাকা। মাসিক এত টাকা বেতনে অধ্যয়নের সামর্থ্য ক'জনের আছে? এসব খেয়াল না করে যদি বাণিজ্যিক দিকটিকেই বড় করে দেখার সুযোগ করে দেয়া হয় তাহলে ঢাকা বিশ্ববিদ্যালয়েই দ্বিতীয় শিফট চালু করতে হবে এর কোন যৌক্তিকতা থাকতে পারে না। এতে করে এর শিক্ষকদের শিক্ষাদান মনোবৃত্তি পরিবর্তন হয়ে যাওয়ার আশংকা একেবারে উড়িয়ে দেয়া যায় না।

**হামিদ মেহবুব, ১৪৭/এ, আরামবাগ, ঢাকা**

## প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় দুর্নীতি

প্রাথমিক শিক্ষা হল আমাদের শিক্ষার ভিত্তি। অথচ প্রতিবার প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় আমরা দেখি নানা অনিয়ম। ফলে অনেক যোগ্য প্রার্থী বাদ পড়ে ও অযোগ্য প্রার্থী দুর্নীতিবাজ কর্মকর্তাদের সাহায্যে নিয়োগপ্রাপ্ত হয়। নিয়োগ পরীক্ষার সময় আমরা দেখি– পরীক্ষা কেন্দ্রে নকলের ছড়াছড়ি। তাই আমাদের শিক্ষা ব্যবস্থার ভিত্তি মজবুত করতে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় নকল প্রবণতাসহ অন্যান্য দুর্নীতি নিরসনকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**সোলায়মান চৌধুরী (সুমন)**
আবদুল্লাপুর, ভবানীগঞ্জ, লক্ষ্মীপুর